



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পরিবেশ ও বন মন্ত্রণালয়



বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, চট্টগ্রাম। সিটিজেন চার্টার

পরিচিতি :

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) দেশের বন গবেষণা বিষয়ক একমাত্র জাতীয় প্রতিষ্ঠান। ১৯৫৫ সালে বনজ সম্পদের উন্নয়ন ও সুষ্ঠু ব্যবহারের প্রযুক্তি উদ্ভাবনের লক্ষ্যে “ফরেস্ট প্রডাক্টস ল্যাবরেটরী” নামে চট্টগ্রামে এই প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে বনজ সম্পদ বৃদ্ধির প্রয়োজনীয়তা উপলব্ধির প্রেক্ষিতে বন ব্যবস্থাপনা সংক্রান্ত গবেষণার সুযোগ সৃষ্টি করে ১৯৬৮ সালে এটি বন বিষয়ক একটি পূর্ণাঙ্গ জাতীয় গবেষণা প্রতিষ্ঠানে রূপান্তরিত হয়। এ প্রতিষ্ঠানটি ১৯৮৫ সাল থেকে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের সরাসরি নিয়ন্ত্রণে পরিচালিত হচ্ছে। এ প্রতিষ্ঠানের সদর দপ্তর জীববৈচিত্র্যে ভরপুর সবুজ পাহাড় ঘেরা মনোরম পরিবেশে চট্টগ্রাম মহানগরীর ষোলশহরে ২৮ হেক্টর জমির উপর অবস্থিত।

ভিশন : বন ও বনজ সম্পদের ব্যবস্থাপনা, উন্নয়নে ও সুষ্ঠু ব্যবহারে স্বয়ংসম্পূর্ণতা অর্জন।

মিশন : দেশের বন ও বনজ সম্পদের উৎপাদন বৃদ্ধি ও সুষ্ঠু ব্যবহারের লক্ষ্যে লাগসই প্রযুক্তি উদ্ভাবনে গবেষণা পরিচালনা করা এবং উদ্ভাবিত প্রযুক্তিসমূহ ভোক্তা জনগোষ্ঠীকে পরিজ্ঞাতকরণ।

প্রতিষ্ঠানের কার্যাবলী :

বন ও বনজ সম্পদের সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণের লক্ষ্যে বন ব্যবস্থাপনা ও বনজ সম্পদ উইং এর অধীনে ১৭টি গবেষণা বিভাগ ও একটি বন্যপ্রাণী শাখার আওতায় গবেষণা কর্মকান্ড পরিচালনা করা।

লক্ষ্য ও উদ্দেশ্য :

- বন ও বনজ সম্পদের উৎপাদন বৃদ্ধি বিষয়ক গবেষণা।
- বন্যপ্রাণীসহ জীব-বৈচিত্র্য সংরক্ষণ, উন্নয়ন ও ব্যবস্থাপনা বিষয়ক গবেষণা।
- জলবায়ু পরিবর্তনের কারণে বন ও বনজ সম্পদ বিপর্যয় রোধকল্পে গবেষণা।
- বাঁশ, বেত ও ভেষজ উদ্ভিদসহ অন্যান্য অকাষ্ঠল বনজ সম্পদের উন্নয়ন ও ব্যবস্থাপনা বিষয়ক গবেষণা।
- প্রাকৃতিক ও সৃজিত ম্যানগ্রোভ বনাঞ্চলের উৎপাদন বৃদ্ধি এবং উপকূলীয় ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিতকরণে গবেষণা।
- কাঠ ও অকাষ্ঠল বনজ সম্পদের সুষ্ঠু ব্যবহার ও বাণিজ্যিক পণ্য উদ্ভাবন বিষয়ক গবেষণা।
- বন বিষয়ক উদ্ভাবিত প্রযুক্তিসমূহ মাঠ-পর্যায়ে ভোক্তাগোষ্ঠীকে এবং দেশের বনবিদ্যা বিষয়ে গবেষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্টদের পরিজ্ঞাতকরণ।

অঙ্গিকার :

- অভিষ্ঠ লক্ষ্য অর্জনে গবেষণা কার্যক্রম পরিচালনা করা।
- প্রতিষ্ঠানে গবেষণার সুষ্ঠু পরিবেশ সৃষ্টি করা।
- গবেষক ও গবেষণা কর্মীদের কর্মদক্ষতা বৃদ্ধিসহ সেবা মূলক মনোভাব বৃদ্ধি করা।
- বিভিন্ন ভোক্তা শ্রেণীর মধ্যে সেবা প্রদান ও উদ্ভাবিত তথ্য ও প্রযুক্তি পরিজ্ঞাতকরণ নিশ্চিত করা।

সেবার পরিধি (পরামর্শ ও কারিগরি সহায়তা) :

ক্রমিক নং	সেবা প্রদানের পরিধি	ভোক্তার বিবরণ	সেবা প্রদানের সময়(কর্মদিবস)	সেবা প্রদানকারী বিভাগ/শাখা
১।	বৃক্ষ বীজ পরীক্ষণ, বিতরণ ও সনদপত্র প্রদান	বন বিভাগ, নার্সারী মালিক সমিতি, বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠান ও ব্যক্তি উদ্যোক্তা	১৫	বীজ বাগান
২।	কাঠ, প্লাইউড, পার্টিকেল বোর্ড, মন্ড ও কাগজ এবং উদ্ভিদ নমুনা সনাক্তকরণ ও গুণাগুণ পরীক্ষা	সরকারী, বেসরকারী সংস্থা এবং ব্যক্তি উদ্যোক্তা	১৫	কাঠ যোজনা, বন উদ্ভিদ বিজ্ঞান, মন্ড ও কাগজ
৩।	বৃক্ষের বীজতলা, বাগানের পোকা-মাকড় ও রোগ-বালাই সনাক্তকরণ ও তাদের ব্যবস্থাপনা	ঐ	১৫	বন রক্ষণ
৪।	সুন্দরবন উপকূলীয় এলাকায় পানি ও মৃত্তিকার লবনাক্ততা পরীক্ষণ	ঐ	১৫	মৃত্তিকা বিজ্ঞান
৫।	মৃত্তিকা পরীক্ষণ ও গাছের পুষ্টি নিরূপন	ঐ	১৫	মৃত্তিকা বিজ্ঞান
৬।	বৃক্ষজাত রাসায়নিক দ্রব্যাদির পরীক্ষণ	ঐ	১৫	বন রসায়ন
৭।	বাঁশের বংশ বিস্তার ও বাঁশ ঝাড় ব্যবস্থাপনা	ঐ	১০	সিলভিকালচার জেনেটিক্স
৮।	ভূমির উপযুক্ততা অনুযায়ী বৃক্ষ প্রজাতি নির্বাচন	ঐ	১৫	মৃত্তিকা বিজ্ঞান
৯।	গাছের বায়োমাস, আর্বতন কাল ও পরিমাণ নির্ণয়করণ সংক্রান্ত তথ্য সরবরাহ	ঐ	০৭	বন ইনভেস্টরী
১০।	কলেজ, বিশ্ববিদ্যালয়, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানে বন ও বনজ সম্পদ বিষয়ক গবেষণা সহায়তা প্রদান	ঐ	১০	প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তান্তর ইউনিট
১১।	ভোক্তাদের চাহিদা অনুযায়ী বন ও বনজ সম্পদের উপর উদ্ভাবিত প্রযুক্তি ভিত্তিক প্রশিক্ষণ প্রদান।	ঐ	১০	প্রশিক্ষণ ও প্রযুক্তি হস্তান্তর ইউনিট
১২।	কাঠের ভেত, রাসায়নিক গুণাগুণ ও শক্তি নিরূপন সম্পর্কিত তথ্য প্রদান	ঐ	১০	বন রসায়ন, কাঠ শুক্কিকরণ ও শক্তি নিরূপণ
১৩।	মন্ড ও কাগজ তৈরীর উপযোগী বৃক্ষ প্রজাতি নির্বাচনের তথ্য প্রদান	ঐ	১০	মন্ড ও কাগজ
১৪।	বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বন ব্যবস্থাপনা ও বনজ সম্পদ বিষয়ে শ্রীমান্তক ও তাতকোস্তর পর্যায়ে পাঠদান	ঐ	১০	সকল গবেষণা বিভাগ
১৫।	বন্যপ্রাণী সম্পদের ব্যবস্থাপনা/ সংরক্ষণ/ উন্নয়ন সংক্রান্ত তথ্য সরবরাহ করা হয়।	ঐ	১০	বন্যপ্রাণী

* পরীক্ষা ও সেবার ধরণ অনুযায়ী সময়কাল কমবেশী হতে পারে।

যোগাযোগ :

উন্নয়ন পরিকল্পনা ও প্রকল্প বাস্তবায়ন শাখা(ডিপিপিআই), প্রশাসন বিভাগ

বাংলাদেশ বন গবেষণা ইনস্টিটিউট, মৌলশহর, চট্টগ্রাম।

ফোন : ০৩১-৬৮১৫৭৫, ৬৮১৫৭৭

ফ্যাক্স : ০৩১-৬৮১৫৬৬

ই-মেইল: director_bfri@ctpath.net, Web. www.bfri.gov.bd

সংশোধিতঃ ২০১২ খ্রি.